

ঢাকা, ১লা আগস্ট ২০১২।

প্রতি :

বিষয় : আগামী ২৭ শে আগস্ট ২০১২, সোমবার সকাল ১০.০০ টা থেকে দুপুর ১৩.০০ টা অবধি ব্র্যাক সেন্টার ইন এ অনুষ্ঠিতব্য “মানবিক সাহায্যের দায়বদ্ধতা বাংলাদেশ প্রেক্ষিতঃ HAP এর আদর্শমান ২০১০” শীর্ষক সেমিনারেহিসেবে আমন্ত্রন।

শ্রদ্ধাভাজনেষু,

1. Humanitarian Accountability Partnership International (HAP) এনজিওদের একটি এ্যালায়েন্স, জেনেভায় যার সচিবালয়, যা মানবিক সাহায্যের ক্ষেত্রে দায়বদ্ধতা প্রতিষ্ঠার জন্য কাজ করে যাচ্ছে। সেভ দ্য চিলড্রেন, টিয়ার ফান্ড, ডান চার্চ এইড, কেয়ার, অক্সফাম, মুসলিম এইড, কনসার্ন, এ্যাকশান এইড, ওয়ার্ল্ড ভিশন, ক্যাথলিক রিলিফ সার্ভিস (সিআরএস), দ্বীপ উন্নয়ন সংস্থা, রুপান্তর, কোডেক ও কোস্ট এর মত অন্য অনেক সংস্থা এই প্রতিষ্ঠানের সদস্য। যারা বিশ্বের ৭০ টি দেশে কাজ করছে।
2. HAP (www.hapinternational.org) 2007 এ প্রণীত কতগুলো আদর্শমানের ভিত্তিতে একটি সুসংবদ্ধ প্রক্রিয়ায় নীরক্ষার ভিত্তিতে সনদ প্রদান করে আসছে। ২০১০ সালে পর্যালোচনা করে নতুনভাবে HAP আদর্শমান ২০১০ প্রণীত হয়। পরবর্তীতে বাংলাদেশে কর্মরত HAP র সদস্য সংস্থা সমূহ এটির বাংলা অনুবাদ করে। এতদ উপলক্ষে উক্ত সেমিনারটি আয়োজন করা হয়েছে। বিগত সাইক্লোন আইলার পর থেকে বাংলাদেশে সকল INGO I NGO সদস্যগন সহকর্মী দলীয় অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে বাংলাদেশে মানবিক সহায়তার ক্ষেত্রে কিছু ভালো উদাহরন তৈরী করেছে। যার উপর কিছু ছবি প্রদর্শনীও সেমিনার প্রাঙ্গনে সকাল ৯.০০ টা থেকে চালু থাকবে।
3. উপরোক্ত ক্ষেত্রে নীতি নির্ধারনী পর্যায়ে আপনার অবদানকে বিবেচনা করে আমরা আপনাকেঅতিথি হিসেবে বীনিত আমন্ত্রন জানাচ্ছি। আপনার উপস্থিতি ও অংশগ্রহন বাংলাদেশে মানবিক সাহায্যের ক্ষেত্রে দায়বদ্ধতাকে আরো জোরদার করবে বৈ কি। আমরা এই সাথে উক্ত সেমিনারের একটি এ পর্যন্ত খসড়া পরিলেখ এবং HAP এর উপর এক পাতার একটি বিবরণ আপনার সদয় অবগতির জন্য পাঠালাম। আমরা আপনার সহৃদয় উপস্থিতির প্রত্যাশায় থাকলাম।

ইতি। বিনীত

বাংলাদেশে কর্মরত সকল HAP সদস্যদের পক্ষ থেকে,

রেজাউল করিম চৌধুরী

নির্বাহী পরিচালক, কোস্ট ট্রাস্ট ও HAP পরিচালনা পর্ষদ সদস্য

যোগাযোগের ঠিকানা: সনত কুমার ভৌমিক, মোবাইল: ০১৭১১৮৮১৬৬২, ই-মেইল: sanat@coastbd.org

মোস্তফা কামাল আকন্দ, মোবাইল: ০১৭১১৪৫৫৫৯১, ই-মেইল: kamal@coastbd.org